গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
খুলনা সরকারি মহিলা কলেজ, খুলনা
www.kgmc.ac.bd, 02477702083

# ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে চার বছর মেয়াদি ১ম বর্ষ স্নাতক (সম্মান) কোর্সে প্রাথমিক ভর্তির ফরম জমাদানের বিজ্ঞপ্তি

## অনার্স বিষয়সমূহঃ

| | |
|---|---|
| বিএ (সম্মান) | ঃ Bangla, English, History, Islamic History & Culture, Philosophy |
| বিএসএস (সম্মান) | ঃ Political Science, Economics |
| বিবিএ (সম্মান) | ঃ Accounting |
| বিএসসি (সম্মান) | ঃ Physics, Chemistry, Botany, Zoology, Mathematics |

১। **Online- এ আবেদন ফরম পাওয়া যাবে ঃ www.nu.ac.bd/admissions তে ২২/০১/২০২৪ হতে ১১/০২/২০২৪খ্রি. তারিখ রাত ১২টা পর্যন্ত।**

২। **Online-এ পূরণকৃত ফরম কলেজে জমার তারিখ ঃ ২৩/০১/২০২৪ হতে ১১/০২/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত** (সরকারি ছুটির দিন ব্যতীত) সময়ঃ সকাল ১০টা হতে দুপুর ১টা পর্যন্ত।

৩। **ভর্তির আবেদন ফরম পূরণের যোগ্যতা ঃ**

ক) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মানবিক শাখা থেকে ২০২০/২০২১ সালের এসএসসি/ সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ- ৩.০ এবং ২০২২/২০২৩ সালের এইচএসসি/ সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৩.০ সহ উভয় পরীক্ষা মিলে কমপক্ষে জিপিএ ৬.৫ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।

খ) বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা থেকে ২০২০/২০২১ সালের এসএসসি/ সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ- ৩.০ এবং ২০২২/২০২৩ সালের এইচএসসি/ সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ৩.০ সহ উভয় পরীক্ষা মিলে ৭.০ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।

গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র এইচ এস সি ভোকেশনাল, বিজনেজ ম্যানেজমেন্ট ও ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা অনুচ্ছেদ-১ এর খ নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

ঘ) প্রার্থীদের উচ্চ মাধ্যমিক ও সমমান পরীক্ষায় পঠিত বিষয়সমূহ ভর্তিযোগ্য (Eligible) বিষয় নির্ধারণ করা হবে। উক্ত পঠিত বিষয় (২০০ নম্বরের) ন্যূনতম গ্রেড পয়েন্ট ৩.০ থাকতে হবে।

ঙ) ২০২০/২০২১ সালের O-Level পরীক্ষায় ৩টি বিষয়ে বি গ্রেডসহ অন্তত ৪টি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২২/২০২৩ সালের এ লেভেল পরীক্ষায় একটি বিষয়ে বি গ্রেডসহ অন্তত ২টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তসাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল প্রার্থীকে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর বরাবর নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় রবাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে drughonours@gmail.com আবেদন করতে হবে।

চ) অনুরূপভাবে বিদেশী সার্টিফিকেট ধারী প্রার্থীদের প্রার্থীদের ক্ষেত্রেও সমতা নিরূপন করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় রবাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে drughonours@gmail.com আবেদন করতে হবে।

ছ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল/ স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট ভর্তিকৃত কোন শিক্ষার্থী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে সে সকল শিক্ষার্থীরা ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ভর্তি বার্তিলপূর্বক ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে।

জ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন প্রার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৪। ক) আবেদনকারীকে নির্দিষ্ট ওয়েব সাইট ( **www.nu.ac.bd/admissions** এ **Honours tab** এ গিয়ে **Apply Now (Honours)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েব সাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, শিক্ষাবোর্ড ও পাসের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। ডাটাবেজে সংরক্ষিত তথ্য অনুযায়ী আবেদনকারীর তথ্য ছকে **Male** এর স্থলে **Female** বা **Female** এর স্থলে **Male** এর স্থলে **Female** প্রদর্শিত হলে **Click to change** অপশনে গিয়ে সঠিক তথ্য দিতে হবে।

খ) এ পর্যায়ে আবেদনকারী তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের তালিকা দেখতে পাবে। আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিষয় ও জেলাওয়ারী যে কোন কলেজের নাম সিলেক্ট করলে সংশ্লিষ্ট কলেজে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি যোগ্য বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীর সতর্কতার সংগে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে।

**গ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/ পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে প্রযোজ্য ক্ষেত্রে কোটা সিলেক্ট করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে।**

ঘ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে অন লাইনে আবেদন ফরম পূরণের সময় ১২০×১৫০ Pixels, Image Type:Jpg এবং maximum file size: 50kb সংযুক্ত করার তা $A_4$ (৮.৫ ইঞ্চি×১১ইঞ্চি) সাইজের অফসেট পেপারে প্রিন্ট করতে হবে।

**৫। আবেদন ফিস "Sonali eSheba" মোবাইল এপস অথবা নির্ধারিত লিংক https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/Application তে প্রবেশ করে ৩৫০/- (তিনশত পঞ্চাশ) টাকা পেমেন্ট করে পেমেন্ট স্লিপের কপি আবেদন ফরমের সাথে জমা প্রদান করতে হবে।**

৬। অনলাইনের আবেদন ফরম জমার স্থানঃ **কলেজের অফিস কাউন্টারে।**

৭। কলেজ কোড নম্বরঃ 0312

৮। এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষা পাসের নম্বর ফর্দ ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ১ সেট ভর্তির অনলাইন আবেদনের সঙ্গে জমা দিতে হবে। **অনলাইন আবেদন ফরমের উপরে হাতে লিখে অবশ্যই চালু থাকা মোবাইল নম্বর লিখতে হবে।**

**৯। ক্লাস শুরু ঃ ১০ মার্চ ২০২৪ তারিখ থেকে।**

**এ কলেজে ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাবলি কলেজের ওয়েব সাইট www.kgmc.ac.bd এ পাওয়া যাবে।**

২২/০১/২০২৪

(প্রফেসর কে এম তৌহিদুর রহমান)
অধ্যক্ষ
খুলনা সরকারি মহিলা কলেজ, খুলনা
ফোন ঃ ০২৪৭৭৭০২০৮৩

প্রফেসর কে এম তৌহিদুর রহমান-২৪৩৩
অধ্যক্ষ
খুলনা সরকারি মহিলা কলেজ, খুলনা
২২/০১/২০২৪